

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৮১

তারিখ: ২ ফাল্গুন ১৪২৬
১৫ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

আজ ১৫ ফেব্রুয়ারি ২০২০ খ্রি: সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ এবং তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।

পূর্বাভাসঃ অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকতে পারে। তবে, সিলেট বিভাগের দু'এক জায়গায় হালকা/গুঁড়ি গুঁড়ি বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

কুয়াশাঃ শেষরাত থেকে সকাল পর্যন্ত দেশের কোথাও কোথাও হালকা থেকে মাঝারী ধরনের কুয়াশা পড়তে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে রাতের এবং দিনের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): সামান্য পরিবর্তন হতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	২৭.৫	২৫.৪	২৮.৫	২৬.৮	২৭.০	২৬.৫	২৯.৬	২৯.৪
সর্বনিম্ন তাপমাত্রা	১৫.০	১৫.৩	১১.৭	১২.৫	১৩.৫	১১.৬	১৩.১	১৬.০

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল মংলা ২৯.৬° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা রাজারহাট ১১.৬°সেঃ।

অগ্নিকান্ডঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য থেকে জানা যায়, ১৩/০২/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১৪/০২/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ৩৯ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের তথ্য নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৯	০	০

২।	ময়মনসিংহ	২	০	০
৩।	বরিশাল	০	০	০
৪।	সিলেট	৩	০	০
৫।	রাজশাহী	০	০	০
৬।	রংপুর	৫	০	০
৭।	চট্টগ্রাম	৭	০	০
৮।	খুলনা	১৩	০	০
	মোট	৩৯	০	০

ট্রলারডুবি

১। **রাঙ্গামাটিঃ** জেলা প্রশাসন, রাঙ্গামাটি স্মারক নং-০৫.৪২.৮৪০০.৪০২.০৩.০১৪.২০-১৮৮; তারিখঃ ১৪/০২/২০২০ খ্রিঃ এর মাধ্যমে জানিয়েছে যে, ১৪/০২/২০২০ খ্রিঃ তারিখ বার্ষিক বনভোজন উপলক্ষে চট্টগ্রাম ইপিজেডের প্যাসিফিক জিন্স লিমিটেড হতে আনুমানিক ৩২ জন কর্মচারী রাঙ্গামাটি ভ্রমণে আসে। এরপর তারা দুইটি ফাইবার বোটে মোট ৩২ জন কাপ্তাই লেকে নৌ ভ্রমণে বের হয়। প্রথম বোটে আনুমানিক ১৫/১৬ জন এবং ২য় বোটে বাকিরা ছিল। প্রথম বোটটি পর্যটন মোটেল ঘাট থেকে ছেড়ে এসে কাপ্তাই লেকে ভ্রমণকালে আনুমানিক ১১.৫০ ঘটিকায় আদারপাহাড় নামক স্থানে বাঁক ঘুরাতে গিয়ে হঠাৎ উল্টে যায়। বোটটির চালক ছিলেন মো: আলমগীর (বর্তমানে পলাতক) পিতা- অজ্ঞাত, সাং- সিলেট পাড়া, থানা- কোতয়ালী, জেলা- রাঙ্গামাটি পার্বত্য জেলা। বোটে থাকা ১৭ জনের মধ্যে ০৯ জন সাঁতার কেটে তীরে আসতে সক্ষম হয়। ঘটনাস্থলে ফায়ার সার্ভিস ও নৌ ডুবুরী দল উদ্ধার কার্যক্রমে অংশগ্রহণ করে। ০৩ জনকে জীবিত উদ্ধার করা হয়। ফায়ার সার্ভিসের ডুবুরীদল ডুবে যাওয়া বোট থেকে ১) শিলা আক্তার (২০), ২) আফরোজা বেগম (১২), ৩) আসমা আক্তার (৪০), ৪) রিণা আক্তার (২৬) এবং ৫) লিমা আক্তার (১২) কে উদ্ধার করে হাসপাতালে নিয়ে আসে। হাসপাতালে কর্তব্যরত ডাক্তার তাদের মৃত বলে ঘোষণা করেন। বেলা ০১.৩০ ঘটিকায় নেভির একটি ডুবুরি দল ডুবন্ত বোটে আর কোন মৃতদেহ নেই ঘোষণা করলে উদ্ধার কার্য সমাপ্ত করা হয়। মৃত ০৫ জন ব্যক্তির প্রত্যেকের পরিবারকে মানবিক সহায়তা হিসেবে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের দেয়া বরাদ্দ থেকে জেলা প্রশাসন কর্তৃক ২০,০০০/- (বিশ হাজার) টাকা প্রদান করা হয়েছে।

২। **রাঙ্গামাটিঃ** জেলা প্রশাসন, রাঙ্গামাটি স্মারক নং-০৫.৪২.৮৪০০.৪০২.০৩.০১৪.২০-১৮৮; তারিখঃ ১৪/০২/২০২০ খ্রিঃ এর মাধ্যমে জানিয়েছে যে, ১৪/০২/২০২০ খ্রিঃ তারিখ বেলা আনুমানিক ১২.০০ ঘটিকার সময় চট্টগ্রাম এবং কক্সবাজার থেকে কাপ্তাই উপজেলাস্থ সীতা দেবীর মন্দির এলাকায় প্রায় ১৪০ জন (ইসকন) বেড়াতে আসে। কর্ণফুলি নদীতে ৩টি ইঞ্জিন চালিত বোট নিয়ে কারা নদীতে ভ্রমণে বের হয়। তীর থেকে প্রায় ১০ হাট যেতে না যেতেই একটি বোট একদিকে কাত হয়ে ডুবে যায়। স্থানীয় লোকজন তাদের উদ্ধার করে তীরে নিয়ে আসে। পরবর্তীতে জানা যায় তাদের মধ্যে ০৩ জন নিখোঁজ রয়েছে। নিখোঁজ ০৩ জনের মধ্যে ১০ বছর বয়সের একজন মেয়ের মৃতদেহ উদ্ধার করা হয়। উপজেলা প্রশাসন, বাংলাদেশ নৌবাহিনী, ফায়ার সার্ভিস, পুলিশ ও অন্যান্য সহযোগী সংস্থা বাকি ০২ জনের উদ্ধার কার্যক্রম চালিয়ে যাচ্ছে।



১৬-২-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অধিশাখা

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৮১/১

তারিখ: ২ ফাল্গুন ১৪২৬
১৫ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ২) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৩) পরিচালক (সকল)
- ৪) জেলা ত্রাণ ও পূর্ণবাসন কর্মকর্তা
- ৫) প্রবীর কুমার দাস, প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর



১৬-২-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)